



চাঁদপুর পান্না বিদ্যুৎ সমিতি -২
বাবুরহাট, চাঁদপুর।

যোগাযোগ:
টেলিফোন: ০৮৪১-৬৫১১১ (অফিস)
ই-মেইল: chandpurpbs2@gmail.com
ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৮.২৩. ৬৭২২

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯ বঃ
১১ এপ্রিল ২০২৩ খ্রিঃ

চুক্তি সম্পাদনের নোটিশ (NOA) (ফরম পিজি ২-৬)

মেসার্স উত্তরন এন্টারপ্রাইজ
বাগিচা রোড, কোনাপাড়া
যাত্রাবাড়ী, ঢাকা-১৩৬২।

বিষয়: ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহের চুক্তি সম্পাদনের নোটিশ (NOA)।

- সূত্র: (০১) স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৮.২৩.৩০৬৫, তারিখ: ০৭/০২/২০২৩ খ্রিঃ।
(০২) আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র।
(০৩) স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০১.০৩৭.২৩.১৫৬৫, তারিখ: ১৫/০৩/২০২৩ খ্রিঃ।
(০৪) স্মারক নং-২৭.১২.০০০০.১৬৭.০৪.৫৭৮.২৩.১০৭৫, তারিখ: ০৫/০৪/২০২৩ খ্রিঃ।
(০৫) অনুমোদিত নোটশীট, তারিখ: ১০/০৪/২০২৩ খ্রিঃ।

এই মর্মে অবগত করা যাইতেছে যে, ১০,৫০,৭০০/- (দশ লক্ষ পঁঞ্চাশ হাজার সাতশত) টাকা মূল্যের ৬০টি আইটেম এর ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের উদ্দেশ্যে ২৬/০২/২০২৩ খ্রিঃ তারিখে দাখিলকৃত আপনার দরপত্র, দরপত্রদাতাগণের প্রতি নির্দেশনা মোতাবেক সঠিককরণ ও সংশোধন সাপেক্ষে, চাঁদপুর পবিস-২ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

অতএব, আপনাকে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করিবার অনুরোধ করা যাইতেছে :

- (ক) ITT এর অনুচ্ছেদ ৩৬.৩ মোতাবেক এই নোটিশ জারি করিবার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে আপনি চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণ করিয়াছেন মর্মে লিখিতভাবে অবহিত করিবেন;
- (খ) ITT এর অনুচ্ছেদ ৩৭.১ মোতাবেক কার্য-সম্পাদন জামানত হিসাবে ৫২,৫৩৫/- (বায়ান হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা নির্দিষ্ট ছকে চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে, তবে ০২/০৫/২০২৩ খ্রিঃ তারিখের পরে নয়, দাখিল করিবেন; এবং
- (গ) ITT এর অনুচ্ছেদ ৩৮.১ মোতাবেক চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের ২৮ (আটাশ) দিনের মধ্যে, তবে ১৫/০৫/২০২৩ খ্রিঃ তারিখের পরে নয়, চুক্তি স্বাক্ষর করিবেন।

কেবল উপরিউক্ত কার্যক্রম সম্পন্ন করিবার পর আপনি পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। অনুগ্রহপূর্বক মনে রাখিবেন যে, এই চুক্তি সম্পাদন নোটিশ চুক্তির অংশ হিসাবে গণ্য হইবে, যাহা আপনার জন্য বাধ্যতামূলক হইবে।

এই নোটিশের সহিত খসড়া চুক্তিপত্র এবং অন্যান্য দলিলের অনুলিপি আপনার সযত্ন পর্যবেক্ষণ ও স্বাক্ষরের জন্য সংযুক্ত করা হইল।

(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

অনুলিপি:

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (সদয় অবগতির জন্য)
০২। এজিএম (অর্থ), চাঁদপুর পবিস-২।
০৩। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। অফিস কপি/মাস্টার কপি।

(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

চুক্তিপত্র (ফরম পিজি-৭)

| | |
|------------|--------|
| চুক্তি নং: | তারিখ: |
|------------|--------|

এই চুক্তি এক পক্ষে [ক্রয়কারীর নাম ও ঠিকানা] (অতঃপর “ক্রয়কারী” হিসাবে অভিহিত) এবং অন্য পক্ষে [সরবরাহকারীর নাম ও ঠিকানা] (অতঃপর “সরবরাহকারী” হিসাবে অভিহিত) এর মধ্যে [সন] সনের [মাস] মাসের [তারিখ] তারিখে সম্পাদিত হইল :

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট পণ্য ও সংশ্লিষ্ট সেবা, যথা [পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিবরণ] এর জন্য দরপত্র আহ্বান করিয়াছিল এবং উক্ত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের উদ্দেশ্যে সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত [অঙ্কে ও কথায়] টাকা মূল্যের (অতঃপর “চুক্তিমূল্য” হিসাবে অভিহিত) দরপত্র গৃহীত হইয়াছে;

সেহেতু এক্ষণে নিম্নরূপ চুক্তি সম্পাদন করা হইল:

১। এই চুক্তিপত্রে উল্লিখিত শব্দ ও অভিব্যক্তি চুক্তির সাধারণ শর্তাবলির ন্যায় একই অর্থ প্রকাশ করিবে।

২। চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম হইবে নিম্নরূপ :

- (ক) স্বাক্ষরকৃত চুক্তিপত্রের ফরম;
- (খ) চুক্তি সম্পাদনের নোটিশ;
- (গ) সম্পূর্ণ পূরণকৃত দরপত্র;
- (ঘ) চুক্তির শর্তাবলি;
- (ঙ) কারিগরি বিনির্দেশ;
- (চ) মূল্য তফসিল এবং আবশ্যকীয় পণ্যের সরবরাহ সংবলিত বিবরণ; এবং
- (ছ) অন্যান্য দলিল, যদি থাকে।

৩। ক্রয়কারী কর্তৃক সরবরাহকারীকে নিম্নের বর্ণনা অনুযায়ী পরিশোধের জন্য আর্থিক মূল্য বিবেচনায়, এতদ্বারা সরবরাহকারী ক্রয়কারীর নিকট অঙ্গীকার করিতেছে যে, সর্বতোভাবে চুক্তির বিধান মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন ও সম্পন্ন করিবে এবং যেকোনো ত্রুটিজনিত দায় সংশোধন করিবে।

৪। ক্রয়কারী এতদ্বারা অঙ্গীকার করিতেছে যে, সরবরাহকারী কর্তৃক চুক্তি মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন এবং প্রয়োজনীয় সংশোধন কার্য সম্পন্ন করিলে, চুক্তিতে নির্ধারিত সময় ও পদ্ধতিতে সরবরাহকারীকে চুক্তিমূল্য বা চুক্তি মোতাবেক প্রদেয় অন্যান্য মূল্য পরিশোধ করিবে।

৫। মালমাল সরবরাহকালে প্রত্যেক মালমালের সাথে সরবরাহকারীর নাম, চুক্তি নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি স্টিকার লাগানো থাকিতে হইবে।

৬। কম্পিউটার, ডট প্রিন্টার, ইউপিএসসমূহ সরবরাহ করার পরে আইসিটি দপ্তর কর্তৃক পরিদর্শন করিয়া নিতে হইবে।

সাক্ষীগণের সম্মুখে পক্ষগণ উল্লিখিত দিন, মাস ও বৎসরে বাংলাদেশের আইন অনুসারে এই চুক্তি স্বাক্ষর করিল।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|----------------------|-----------------|----------------|
| স্বাক্ষর | | |
| নাম | | |
| পদবি | | |
| উপস্থিত ব্যক্তির নাম | | |
| ঠিকানা | | |